আজকের পত্রিকা

শেষের পাতা

আপাতত দশম গ্রেড পাচ্ছেন না প্রাথমিকের প্রধান শিক্ষকরা

প্রকাশ: ১১ ঘণ্টা আগে Like 0 Share 0

সমকাল প্রতিবেদক

(https://samakal.com/revive/www/delivery/ck.php?oaparams=2__bannerid=145__zoneid=81__cb=7f87fd741d__oadest=https%3A%2F%2Fbit.ly%2F32Gp8AT)

আপাতত দশম গ্রেড পাচ্ছেন না সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকরা। এগারোতম গ্রেডই দেওয়া হচ্ছে তাদের। আর সহকারী শিক্ষকরা পাচ্ছেন ১৩তম গ্রেড। সহকারী উপজেলা শিক্ষা অফিসারসহ উচ্চ পর্যায়ের পদগুলো আপগ্রেড হলে প্রধান শিক্ষকদের দশম গ্রেড দেওয়া হবে।

গতকাল বুধবার সংসদ ভবনে অনুষ্ঠিত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির বৈঠকে মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়। কমিটির সভাপতি মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য এবং প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন, মেহের আফরোজ চুমকি, নজরুল ইসলাম বাবু, ইসমাত আরা সাদেক, শিরীন আখতার, আলী আজম মুকুল ও ফেরদৌসী ইসলাম অংশ নেন।

সূত্র জানায়, বৈঠকে কমিটির সভাপতি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের বেতন গ্রেড নিয়ে সৃষ্ট সমস্যার বিষয়ে আলোচনার সূত্রপাত করে বলেন, 'প্রধানমন্ত্রী দ্রুত এ সমস্যার সমাধান চেয়েছেন।' প্রাথমিক ও গণশিক্ষা সচিব এ বিষয়ে মন্ত্রণালয়ের সর্বশেষ পরিস্থিতি ব্যাখ্যা করতে গিয়ে বলেন, 'আপাতত প্রধান শিক্ষকদের এগারোতম আর সহকারী শিক্ষকদের তেরোতম গ্রেড দেওয়া হবে। নতুন নিয়োগবিধির সুপারিশ করা হয়েছে। ওই নিয়োগবিধি বাস্তবায়ন হলে উপজেলা সহকারী শিক্ষা অফিসারদের পদটি নবম গ্রেডে উন্নীত হবে। তখনই প্রধান শিক্ষকের বেতন স্কেল আপগ্রেড করে দশমে আনা সম্ভব হবে।'

এ বিষয়ে জানাতে চাইলে কমিটির সদস্য আলী আজম বলেন, 'প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন স্কেল নিয়ে আলোচনা হয়েছে। মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, বিষয়টি সরকারের উচ্চ পর্যায়ের বিবেচনাধীন। শিগগির এর একটা সুরাহা হবে।'

সংশ্লিষ্টরা জানান, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নন-ক্যাডার কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগবিধি ১৯৮৫ সংশোধনের প্রস্তাব পাঠানো হয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয়ে। নতুন বিধিমালায় নবম গ্রেড দেওয়ার সুপারিশ করা হয়েছে সহকারী উপজেলা শিক্ষা অফিসারকে। সরাসরি নিয়োগ ও পদোন্নতির মাধ্যমে পদায়নের সুপারিশ করা হয়েছে এ পদে। প্রস্তাবিত বিধিতে উপজেলা শিক্ষা অফিসারের পদ সপ্তম গ্রেড করা হয়েছে। পুরোপুরি পদোন্নতির মাধ্যমে নিয়োগের কথা বলা হয়েছে। পর্যায়ক্রমে অন্যান্য পদও আপগ্রেডের সুপারিশ করা হয়েছে বিধিতে। প্রস্তাবিত বিধিমালায় প্রধান শিক্ষক পদকে দশম গ্রেডে উন্নীত করার প্রস্তাব করা হয়েছে।

এদিকে বৈঠকে মৌলিক সাক্ষরতা প্রকল্প নিয়ে আলোচনায় এর আগে গঠিত সংসদীয় সাব কমিটির সর্বশেষ কার্যক্রম কমিটিতে তুলে ধরা হয়। এতে বলা হয়, সাব কমিটির একাধিক সদস্য মৌলিক সাক্ষরতা প্রকল্পের কার্যক্রমে অসন্তোষ প্রকাশ করেছেন। তারা বলেছেন, এই প্রকল্পের মাধ্যমে শিক্ষাবঞ্চিত ১৫-ঊর্ধ্ব বয়সীদের ছয়মাসব্যাপী শিক্ষাদানের মাধ্যমে নিজের স্বাক্ষর প্রদানসহ সাক্ষরজ্ঞানসম্পন্ন (পত্রিকা পড়া) করে তোলার কথা থাকলেও সেটা আদৌ হচ্ছে না। কাঙ্ক্ষিত ফল লাভ না হলেও চলমান প্রকল্পের অর্ধেক অর্থ ইতোমধ্যে ছাড় হয়েছে। বাকি অর্থ ছাড়ের চেষ্টা করা হচ্ছে। সূত্র জানায়, সাব কমিটি এসব প্রকল্প এলাকার শিক্ষা কেন্দ্রগুলো সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন জমা দেবে। তার আগে অর্থ ছাড় না দেওয়ার বিষয়ে বৈঠকে নির্দেশনা দেওয়া হয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে সাব কমিটির সদস্য আজী আজম বলেন, সংসদীয় সাব কমিটি বিষয়টি খতিয়ে দেখছে। সবগুলোতে সম্ভব না হলেও দ্বৈবচয়নের মতো করে কতগুলো কেন্দ্রে যাবেন তারা। তারপর সার্বিক বিষয়ে প্রতিবেদন দেওয়া হবে। প্রতিবেদন না দেওয়ার আগে তাদের টাকা ছাড় না দিতে বলা হয়েছে।

সংসদ সচিবালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দেশের ৬৪ জেলায় চলমান মৌলিক সাক্ষরতা প্রকল্পের কার্যক্রমের সঙ্গে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে তদারকির মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার সুপারিশ করা হয়।

সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বৈঠকে সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির (এসএমসি) সভাপতি নির্বাচিত হওয়ার ক্ষেত্রে প্রাথমিক যোগ্যতা হিসেবে সভাপতি প্রার্থীর সন্তানকে অবশ্যই ওই বিদ্যালয়ের শিক্ষার্থী হতে হবে বলে স্থায়ী কমিটি সুপারিশ করেছে।

এদিকে বৈঠকের কার্যপত্র থেকে জানা গেছে, কমিটির আগের সুপারিশ অনুযায়ী এসএমসির সভাপতি নির্বাচিত হওয়ার নূযনতম শিক্ষাগত যোগ্যতা স্নাতক করার বিষয়ে শিগগির আদেশ জারি হবে বলে মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে। এছাড়া প্রাথমিক বিদ্যালয়ের জন্য ২০ শতাংশ নতুন পদ সৃষ্টির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে বলে বৈঠকে জানানো হয়। বৈঠকে আরও জানানো হয়, ১৮ হাজার শিক্ষক নিয়োগ কার্যক্রম চলমান। নব্য জাতীয়করণকৃত স্কুলে এসব শিক্ষককে পদায়নের নীতিগত সিদ্ধান্ত হয়েছে।

(https://samakal.com/print/19105925/print) মন্তব্য করুন

(http://tops.easyvoyage.co.uk/taxi-driver-saves-girl-life/?utm_source=taboola&utm_campaign=desktop-joeletaxi-ww&utm_medium=cpc&utm_content=samakal)

Cab driver followed his instincts when a 13-year-old girl got into his cab and it changed the course of her life forever

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01:Below Arti**

(http://tops.easyvoyage.co.uk/taxi-driver-saves-girl-life/?utm_source=taboola&utm_campaign=desktop-joeletaxi-ww&utm_medium=cpc&utm_content=samakal)

(http://fetch-hair-transplant.fyi?sub_id=taboola_30999_System1_HairTransplantTurk_Mobile_ALL_samakal&ref=taboola_samakal&compkey=Hair+Transplant+Turkey+Price&fbid=4192139686472

The Cost of Hair Transplant in Turkey Might Surprise You

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01-a:Below Ar**

(http://fetch-hair-transplant.fyi?sub_id=taboola_30999_System1_HairTransplantTurk_Mobile_ALL_samakal&ref=taboola_samakal&compkey=Hair+Transplant+Turkey+Price&fbid=4192139686472

(http://propertyinvesting-in-ace.fyi?sub_id=taboola_306795_System1_PropertyInvestment_Mobile_Egypt_samakal&ref=taboola_samakal&compkey=dubai+property+investment&fbid=419213968

Dubai Investment Properties Might Actually Surprise You

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01-a:Below Ar**

(http://propertyinvesting-in-ace.fyi?sub_id=taboola_306795_System1_PropertyInvestment_Mobile_Egypt_samakal&ref=taboola_samakal&compkey=dubai+property+investment&fbid=419213968

(https://samakal.com/whole-country/article/1908844)

'ওসি একাই ৩ বার ধর্ষণ করে'

(https://samakal.com/whole-country/article/1908844)

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

আমার ওপর সেতুমন্ত্রীর অনেক ক্ষোভ: প্রধানমন্ত্রী

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

(https://samakal.com/entertainment/article/19091652/আর্থিক-সহায়তা-দিল-চলচ্চিত্র-শিল্পী-সমিতি)

মৌসুমীকে আর্থিক সহায়তা দিল চলচ্চিত্র শিল্পী সমিতি

(https://samakal.com/entertainment/article/19091652/আর্থিক-সহায়তা-দিল-চলচ্চিত্র-শিল্পী-সমিতি)

(https://samakal.com/entertainment/article/1604205472)

'দাবাং ৩' নায়িকার নগ্ন ছবি ফাঁস!

(https://samakal.com/entertainment/article/1604205472)

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

জ্ঞান হারানোর আগে রিকশাচালককে যে কথা বলেছিলেন রিফাত

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

ফাঁসির রায় শুনেও কাঠগড়ায় নিশ্চুপ স্নিগ্ধা

(https://samakal.com/bangladesh/article/19012036/রায়-শুনেও-কাঠগড়ায়-নিশ্চুপ-স্নিগ্ধা)

(https://samakal.com/entertainment/article/1904942)

ছেলের বিয়েতে নাচলেন নায়ক রুবেল

(https://samakal.com/entertainment/article/1904942)

(https://samakal.com/whole-country/article/1902705)

‘আমার ফাঁসি চাই’

(https://samakal.com/whole-country/article/1902705)

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

পদ্মা সেতুতে খুঁটির ওপর বসানো যাচ্ছে না স্প্যান

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

মাথা ঠিক ছিল না, টানা এক ঘণ্টা পিটিয়েছি

Samakal

(https://samakal.com/capital/article/19101012/ঠিক-ছিল-না-টানা-এক-ঘণ্টা-পিটিয়েছি)

(https://www.samakal.com/entertainment/article/1904347/রাত-কম্প্রোমাইজ-করতে-বলেছিলেন-প্রযোজক)

'এক রাত কম্প্রোমাইজ করতে বলেছিলেন প্রযোজক'

Samakal

(https://www.samakal.com/entertainment/article/1904347/রাত-কম্প্রোমাইজ-করতে-বলেছিলেন-প্রযোজক)

অন্যান্য

চামড়াজাত পণ্য রপ্তানিতে আরও ৫ বছর প্রণোদনা (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/19105930/চামড়াজাত-পণ্য-রপ্তানিতে-আরও-৫-বছর-প্রণোদনা)

প্রজনন স্থানেই হুমকিতে গাঙ্গেয় ডলফিন (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/19105929/প্রজনন-স্থানেই-হুমকিতে-গাঙ্গেয়-ডলফিন)

সেই অশীতিপর রাবেয়াকে মামলা থেকে অব্যাহতি (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/19105928/সেই-অশীতিপর-রাবেয়াকে-মামলা-থেকে-অব্যাহতি-)

আজহারের আপিলের রায় আজ (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/19105927/আজহারের-আপিলের-রায়-আজ)

মণিপুরের 'স্বাধীনতা' ঘোষণা (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/19105926/মণিপুরের-স্বাধীনতা-ঘোষণা)

আরও (https://samakal.com/list/tp-last-page)

(https://www.facebook.com/TheDailySamakal/) (https://twitter.com/samakaltw)
(https://www.youtube.com/channel/UCvuyokFrRk7Eix03D7izTPQ)
(https://www.instagram.com/daily_samakal)

© সমকাল ২০০৫ - ২০১৯

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ. কে. আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ (প্রিন্ট), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) |

ইমেইল: samakalad@gmail.com (প্রিন্ট), ad.samakalonline@outlook.com (অনলাইন)

PRIVACY POLICY (https://samakal.com/privacy) | TERMS OF USE (https://samakal.com/terms) | SAMAKAL ALL RIGHTS RESERVED